---------------------------------------------------------------------------------	--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------	-----	---------------------------------------------------------------------------------

(খ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে বরাদ্দকৃত ত্রাণের বিবরণঃ

জিআর ক্যাশ (টাকা)	জিআর চাল (মেঃটন)	শুকনা ও অন্যান্য খাবার (কার্টুন)
২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার)	১৫০ (একশত পঞ্চাশ )	২,০০০ (দুই হাজার)

১১। মাদারীপুর

(ক) বন্যা পরিস্থিতির তথ্যঃ

বন্যা পরিস্থিতির বিবরণ	ক্ষয়ক্ষতির বিবরণ	প্রাণহানির সংখ্যা	মন্তব্য
পদ্মা নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।	১। ক্ষতিগ্রস্ত উপজেলাঃ ১টি (শীবচর) ২। ক্ষতিগ্রস্ত ইউনিয়নঃ ০৮ টি ৩। ক্ষতিগ্রস্ত গ্রামঃ ১১০ টি ৪। ক্ষতিগ্রস্ত পরিবারঃ ৪৮৫ টি (সম্পূর্ণ), ৫,৪৪৮ টি (আংশিক) ৫। ক্ষতিগ্রস্ত লোকঃ ২,৪২৫ জন (সম্পূর্ণ), ২৭,২৪০ জন (আংশিক) ৬। ক্ষতিগ্রস্ত ঘরবাড়িঃ ৫৩৭ টি (সম্পূর্ণ), ২৮,০২৬টি (আংশিক) ৭। ক্ষতিগ্রস্ত ফসলঃ ৪৯০ হেক্টর (সম্পূর্ণ), ৮। ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠানঃ ১১ টি (আংশিক) ৯। ক্ষতিগ্রস্ত রাস্তাঃ ১০ কিঃমিঃ (সম্পূর্ণ), ২০ কিঃমিঃ (আংশিক) ১০। ক্ষতিগ্রস্ত টিউবওয়েলঃ ১,৫৫৬ টি ১১। ক্ষতিগ্রস্ত ব্রীজ/কালভার্টঃ ২টি (সম্পূর্ণ)	নাই	১। আশ্রয়কেন্দ্রঃ ১৭ টি, ২। মেডিকেল টিমঃ ১০টি  *বন্যার পানি কমছে এবং বন্যার সার্বিক পরিস্থিতি দ্রুত উন্নতির দিকে

(খ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে বরাদ্দকৃত ত্রাণের বিবরণঃ

জিআর ক্যাশ (টাকা)	জিআর চাল (মেঃটন)	শুকনা ও অন্যান্য খাবার (কার্টুন)
৭,০০,০০০ (সাত লক্ষ)	৩০০ (তিনশত)	৪,০০০ (চার হাজার)

১২। মানিকগঞ্জ

(ক) বন্যা পরিস্থিতির তথ্যঃ

বন্যা পরিস্থিতির বিবরণ	ক্ষয়ক্ষতির বিবরণ	প্রাণ হানির সংখ্যা	মন্তব্য
যমুনা নদীর পানি আরিচা পয়েন্টে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। পানি কমছে।	১। ক্ষতিগ্রস্ত উপজেলাঃ ০৬টি ২। ক্ষতিগ্রস্ত ইউনিয়নঃ ২৫ টি ৩। ক্ষতিগ্রস্ত গ্রামঃ ১১৬ টি ৪। ক্ষতিগ্রস্ত পরিবারঃ ৫,৭৩৭ টি (সম্পূর্ণ), ১৪,২৫৭ টি (আংশিক) ৫। ক্ষতিগ্রস্ত লোকসংখ্যাঃ ২২,৭৯০ জন (সম্পূর্ণ), ৪৮,৮৩৬ জন (আংশিক) ৬। ক্ষতিগ্রস্ত ঘরবাড়িঃ ৫,৭১৮ টি (সম্পূর্ণ) ১৪,১৭১ টি (আংশিক) ৭। ক্ষতিগ্রস্ত ফসলি জমিঃ ১,৫৭২ হেক্টর (সম্পূর্ণ), ৬,৪৪৮ হেক্টর (আংশিক) ৮। ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠান (শিক্ষা/ধর্মীয়): ১৬টি (সম্পূর্ণ), ৬৫ টি (আংশিক) ৯। ক্ষতিগ্রস্ত রাস্তাঃ ৪৫ কি: মি: (সম্পূর্ণ), ৫৬ কি: মি: (আংশিক) ১০। ক্ষতিগ্রস্ত ব্রীজ/কালভার্টঃ ১৪টি ১১। ক্ষতিগ্রস্ত টিউবওয়েলঃ ১২২ টি	নাই	১। আশ্রয়কেন্দ্রঃ ০৩টি, ২। আশ্রিত লোকসংখ্যাঃ ১১৮ জন। ৩। মেডিকেল টিমঃ ২১টি *সার্বিক বন্যা পরিস্থিতির উন্নতি হচ্ছে।

(খ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে বরাদ্দকৃত ত্রাণের বিবরণঃ

জিআর ক্যাশ (টাকা)	জিআর চাল (মেঃটন)	শুকনা ও অন্যান্য খাবার (কার্টুন)
১২,৫০,০০০ (বার লক্ষ পঞ্চাশ হাজার)	৩৫০ (তিনশত পঞ্চাশ)	২,০০০ (দুই হাজার)

১৩। মুন্সিগঞ্জ

(ক) বন্যা পরিস্থিতির তথ্যঃ

বন্যা পরিস্থিতির বিবরণ	ক্ষয়ক্ষতির বিবরণ	প্রাণহানির সংখ্যা	মন্তব্য
পদ্মা নদীর পানি কমতে শুরু করেছে।	১। ক্ষতিগ্রস্ত উপজেলাঃ ২ টি (লৌহজং ও টংগীবাড়ী) ২। ক্ষতিগ্রস্ত ইউনিয়নঃ ০৮ টি ৩। ক্ষতিগ্রস্ত গ্রামঃ ১৫ টি ৪। ক্ষতিগ্রস্ত পরিবারঃ ১৫৪ (সম্পূর্ণ), ৭১৫ (আংশিক) ৫। ক্ষতিগ্রস্ত জনসংখ্যাঃ ৭৯০ জন (সম্পূর্ণ), ১,১০০ জন (আংশিক) ৬। ক্ষতিগ্রস্ত ঘরবাড়িঃ ২৬২ টি (সম্পূর্ণ), ২৫৮ টি (আংশিক) ৭। ক্ষতিগ্রস্ত ফসলি জমিঃ ৯৫ একর (সম্পূর্ণ), ৩৮০ একর (আংশিক) ৮। ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠান (শিক্ষা/ধর্মীয়): ১টি (মসজিদ) ৯। ক্ষতিগ্রস্ত রাস্তাঃ ০৫ কি.মি (আংশিক) ১০। ক্ষতিগ্রস্ত টিউবওয়েলঃ ০৭টি ১১। ক্ষতিগ্রস্ত ব্রীজ কালভার্টঃ ৩ কি.মি ১২। ক্ষতিগ্রস্ত বাঁধ ৩ কি.মি. (আংশিক)	নাই	১। আশ্রয়কেন্দ্রঃ ১টি ২। আশ্রিত লোকসংখ্যাঃ ২০০ জন।

(খ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে বরাদ্দকৃত ত্রাণের বিবরণঃ

জিআর ক্যাশ (টাকা)	জিআর চাল (মেঃটন)	শুকনা ও অন্যান্য খাবার (কাটুন)	গৃহনির্মাণ মঞ্জুরী (টাকা)	চেউটিন (বান্ডিল)
৪,৫০,০০০ (চার লক্ষ পঞ্চাশ হাজার)	২৫০ (দুইশত পঞ্চাশ)	২,০০০ (দুই হাজার)	০	০

### ১৪। চাঁদপুর

#### (ক) বন্যা পরিস্থিতির তথ্যঃ

বন্যা পরিস্থিতির বিবরণ	ক্ষয়ক্ষতির বিবরণ	প্রাণ হানির সংখ্যা	মন্তব্য
চাঁদপুর জেলায় নদ-নদীর পানি বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।	১। ক্ষতিগ্রস্ত উপজেলাঃ ০১ টি (নদী ভাংগন) ২। ক্ষতিগ্রস্ত ইউনিয়নঃ ০১ টি (নদী ভাংগন) ৩। ক্ষতিগ্রস্ত পরিবারঃ ১৫০টি (সম্পূর্ণ), নদী ভাংগন) ৪। ক্ষতিগ্রস্ত বাঁধঃ ০.৮২৩ কি:মি (আংশিক)	নাই	মূলত নদী ভাংগনের কারণে ক্ষয়ক্ষতি হয়েছে।

#### (খ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে বরাদ্দকৃত ত্রাণের বিবরণঃ

জিআর ক্যাশ (টাকা)	জিআর চাল (মেঃটন)	শুকনা ও অন্যান্য খাবার (কাটুন)	গৃহনির্মাণ মঞ্জুরী (টাকা)	চেউটিন (বান্ডিল)
৩,০০,০০০ (তিন লক্ষ)	২০০ (দুইশত)	২,০০০ (দুই হাজার)	১৫,০০,০০০ (পনের লক্ষ)	৫০০ (পাঁচশত)

### ১৫। সুনামগঞ্জ

#### (ক) বন্যা পরিস্থিতির তথ্যঃ

বন্যা পরিস্থিতির বিবরণ	ক্ষয়ক্ষতির বিবরণ	প্রাণহানির সংখ্যা	মন্তব্য
সুরমা নদীর পানি সুনামগঞ্জ পয়েন্টে বিপদসীমার ৭ সেঃমিঃ উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।	১। ক্ষতিগ্রস্ত উপজেলাঃ ১১টি ২। ক্ষতিগ্রস্ত পৌরসভাঃ ০২টি ৩। ক্ষতিগ্রস্ত ইউনিয়নঃ ৮৪টি ৪। ক্ষতিগ্রস্ত পরিবারঃ ৩৯,৭৮৭ (আংশিক) ৫। ক্ষতিগ্রস্ত লোকসংখ্যাঃ ১,৮৫,৮১৫ জন (আংশিক) ৬। ক্ষতিগ্রস্ত ঘরবাড়িঃ ৭,০৭৫টি (আংশিক) ৭। ক্ষতিগ্রস্ত ফসলি জমিঃ ৯৯৩ হেক্টর (সম্পূর্ণ), ১২৫ হেক্টর (আংশিক) ৮। ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠান (শিক্ষা/ধর্মীয়)- ৫৫৫ টি (আংশিক) ৯। ক্ষতিগ্রস্ত রাস্তা- ৮১৮.১৪ কিঃমিঃ (আংশিক) ১০। ক্ষতিগ্রস্ত ব্রীজ/কালভার্ট- ৯৬টি। ১১। ক্ষতিগ্রস্ত টিউবওয়েলঃ ৪,৪২৭টি	-	১। আশ্রয়কেন্দ্রের সংখ্যা-১২০ টি ২। আশ্রিত লোকসংখ্যাঃ ১৪১ জন ৩। মেডিকেল টিম- ১২২টি  *পানি ক্রমাগত কমতে থাকায় বন্যা পরিস্থিতির উন্নতি হয়েছে।

**(খ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে বরাদ্দকৃত ত্রাণের বিবরণঃ**

জিআর ক্যাশ (টাকা)	জিআর চাল (মেটন)	শুকনা ও অন্যান্য খাবার (কার্টুন)	তঁাবু (সেট)	গো-খাদ্য ক্রয় বাবদ (টাকা)	শিশু খাদ্য ক্রয় বাবদ (টাকা)
২০,০০,০০০ (বিশ লক্ষ)	৯০০ (নয় শত)	৯,০০০ (সাত হাজার)	৫০০ (পাঁচ শত)	২,০০,০০০ (দুই লক্ষ)	২,০০,০০০ (দুই লক্ষ)

**যে সকল জেলার বন্যার পানি নেমে গেছেঃ**

**১। চট্টগ্রাম**

জেলা প্রশাসক, চট্টগ্রাম তাঁর দপ্তরের স্মারক নং ০৫.৪২.১৫০০.২১১.৯৬.০০৬.১৯ (অংশ-১).৪৯১, তারিখ- ১৮.০৭.২০১৯খ্রিঃ মূলে জানান যে, গত ১৪/০৭/২০১৯খ্রিঃ তারিখ হতে তার জেলায় বৃষ্টিপাত না থাকায় সাজু নদী (বান্দরবান), সাজু নদী (দোহাজারী, চট্টগ্রাম), হালদা নদী (নারায়নহাট), হালদা নদী (পাঁপুকুরিয়া) এবং কর্ণফুলি নদীর কালুঘাট পয়েন্টে পানি বিপদসীমার অনেক নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। ফলে এলাকাসমূহের পানি পুরাপুরি সরে যাওয়ায় ৩৬৫টি আশ্রয়কেন্দ্রে আশ্রিত ৪২৪১০ জন মানুষ স্ব স্ব বাসস্থানে ফেরত গেছে।

**২। কক্সবাজার**

জেলা প্রশাসক, কক্সবাজার তাঁর কার্যালয়ের পত্র ৫১.০১.২২০০.০০০.৪১.০১৩.১৯-৫৩৮, তারিখঃ ১৮/০৭/২০১৯খ্রিঃ মূলে জানান যে, তাঁর জেলায় গত ৩দিন যাবত আকাশ রৌদ্রজ্বল রয়েছে। বৃষ্টিপাত হয়নি। এ জেলাধীন সকল নদীর পানি বিপদসীমার ৩ মিটার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। লোকালয় থেকে পানি নেমে গেছে। জনসাধারণের জীবনযাত্রা স্বাভাবিক হয়েছে। সার্বিক পরিস্থিতি ভাল রয়েছে।

**৩। বান্দরবান**

ভারপ্রাপ্ত জেলা প্রশাসক, বান্দরবান টেলিফোনে জানান, তাঁর জেলার বন্যার পানি নেমে গেছে।

**৪। খাগড়াছড়ি**

জেলা প্রশাসক, খাগড়াছড়ি তাঁর কার্যালয়ের স্মারক নম্বর ৫১.০১.৪৬০০.০০০.৪১.০৬৭(১).১৯.৩০৮ তারিখ ১৮/০৭/২০১৯ মূলে জানান যে, বর্তমানে বন্যার পানি নেমে গেছে, আশ্রয়কেন্দ্রে ছেড়ে লোকজন নিজ নিজ বাড়ীঘরে ফিরে গেছে। সার্বিক পরিস্থিতি স্বাভাবিক।

**৫। রাংগামাটি**

জেলা প্রশাসক, রাংগামাটি তাঁর কার্যালয়ের স্মারক নং ৫১.০১.৮৪০০.২১৫.০৬.০০১.১৯.৪৩৬, তারিখঃ ১৮/০৭/২০১৯খ্রিঃ মূলে জানান যে, গত ১৬/০৭/২০১৯খ্রিঃ তারিখ হতে রাংগামাটি পার্বত্য জেলায় রৌদ্রজ্বল আবহাওয়া বিরাজ করছে এবং কোন বৃষ্টিপাত হয়নি। অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলের কারণে সৃষ্ট আকস্মিক বন্যার পানি সম্পূর্ণরূপে নেমে গেছে। জেলা ও উপজেলা পর্যায়ে স্থাপিত আশ্রয়কেন্দ্রসমূহে আর কেউ অবস্থান করছেন না। বর্তমানে জেলার সার্বিক পরিস্থিতি সম্পূর্ণ স্বাভাবিক রয়েছে।

**৬। ফেনী**

জেলা প্রশাসক, ফেনী তাঁর কার্যালয়ের স্মারক নম্বর ৫১.০১. ৩০০০.০০০.৪১.০৯৩.১৯.৪০১ তারিখ ১৯/০৭/২০১৯ মূলে প্রেরিত প্রতিবেদনে উল্লেখ করেন যে, ফেনী জেলায় বন্যা না থাকায় স্বাভাবিক অবস্থা বিরাজ করছে।

**৭। ব্রাহ্মণবাড়ীয়া**

জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়ীয়া তাঁর কার্যালয়ের স্মারক নম্বর ৫১.০১.১২০০.০০০.১৪.০০৬.১২.৩২৬ তারিখ ১৯/০৭/২০১৯ মূলে প্রেরিত প্রতিবেদনে উল্লেখ করেন যে, তার জেলায় হাওড়া নদী বিপদসীমার ১.১৫ মিটার, তিতাস আখাউড়া ০.৯৯ মিটার, পুরুলিয়া এন্ডারসন ১.৩৬ মিটার, পুরুলিয়া গৌনঘাট ০.৩৬ মিটার, তিতাস নবীনগর ০.১৬ মিটার তিতাস আজবপুর ০.০৬ মিটার, মেঘনা ২.১০ মিটার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়ীয়া অদ্য টেলিফোনে জানান যে, তার জেলার বন্যার পানি নেমে গেছে। পরিস্থিতি স্বাভাবিক।

**৮। নীলফামারী**

ভারপ্রাপ্ত জেলা প্রশাসক, নীলফামারী অদ্য টেলিফোনে জানান যে, তার জেলার বন্যার পানি নেমে গেছে। আশ্রয়কেন্দ্রের লোকজন বাড়ীঘরে ফিরে গেছে। জেলার সার্বিক পরিস্থিতির উন্নতি হয়েছে।

### ৯। লালমনিরহাট

জেলা প্রশাসক, লালমনিরহাট টেলিফোনে জানান যে, বন্যার পানি নেমে গিয়েছে। আশ্রয়কেন্দ্রে যে সকল লোকজন আশ্রয় নিয়েছিল তারা তাদের বাড়ী ঘরে ফিরে গিয়েছে। জেলার সার্বিক পরিস্থিতি স্বাভাবিক।

### ১০। নেত্রকোনা

জেলা প্রশাসক, নেত্রকোনা তাঁর দপ্তরের স্মারক নং ৫১.০১.৭২০০.০১৫.৪১.০৩০.১৮.৪৫১; তারিখঃ ২২/০৭/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে জানান যে, বর্তমানে বন্যার পানি নেমে যাওয়ায় বন্যা কবলিত এলাকার লোকজন নিরাপদে নিজেদের বসত বাড়িতে ফিরে গেছে। পানি উন্নয়ন বোর্ড নেত্রকোনার তথ্যানুযায়ী জেলার প্রধান ৪টি নদীর পানি বিপদসীমার নীচে অবস্থান করছে। জেলা প্রশাসক টেলিফোনে জানান যে, তাঁর জেলার বন্যার পানি নেমে গেছে। আশ্রয়কেন্দ্রে কোন লোকজন নাই। জেলার সার্বিক পরিস্থিতি স্বাভাবিক।

### ১১। মৌলভীবাজার

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, মৌলভীবাজার তাঁর দপ্তরের স্মারক নং ৫১.০১.৬০০০.০০০.০৪.৪৮.১৮.৩৪১; তারিখঃ ২৩-০৭-২০১৯ খ্রিঃ মূলে জানান যে, মৌলভীবাজার জেলার বন্যার পানি নেমে যাওয়ায় পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

### ১২। হবিগঞ্জ

জেলা প্রশাসক, হবিগঞ্জ টেলিফোনে জানান যে, তাঁর জেলার বন্যার পানি নেমে গেছে। আশ্রয়কেন্দ্রের লোকজন নিজ নিজ বাড়িঘরে ফিরে গেছে।

### ১৩। সিলেটঃ

২৭/০৭/২০১৯খ্রিঃ তারিখ সকাল ১২.৪৭ টায় জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সিলেট টেলিফোনে জানান যে, তার জেলার বন্যার পানি নেমে গেছে। আশ্রয়কেন্দ্রের লোকজন স্ব-স্ব বাড়ীঘরে ফিরে গেছে। জেলার সার্বিক বন্যা পরিস্থিতি স্বাভাবিক হয়েছে।

## দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কার্যক্রমঃ

১। ১২ জুলাই ২০১৯ তারিখে আন্তঃমন্ত্রণালয় দুর্যোগ ব্যবস্থাপনা সমন্বয় কমিটি'র সভা আহ্বান করা হয়। সভায় বন্যা মোকাবিলায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- বন্যা পূর্বাভাস, আবহাওয়ার হালনাগাদ তথ্যসহ বন্যা পরিস্থিতি চিত্র তুলে ধরা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, পানি উন্নয়ন বোর্ড, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC একসাথে কাজ করবে। বাস্তবায়নে: ১) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ২। প্রতিরক্ষা মন্ত্রণালয়, ৩। পানি সম্পদ মন্ত্রণালয়;
- দুর্যোগ ও আবহাওয়ার আগাম বার্তা পেতে ১০৯০ টোল ফ্রি নম্বর আরও ব্যাপক প্রচারের জন্য টেলিভিশনে স্ক্রল আকারে দেখানোর উদ্যোগ গ্রহণ করতে হবে। পূর্বাভাস এবং বন্যাকালীন ও পরবর্তীতে স্বাস্থ্যগত করণীয় বিষয় টেলিভিশনের স্ক্রলে প্রদর্শন এবং প্রিন্ট মিডিয়াতে প্রচার করতে হবে। বাস্তবায়নে: ১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ২ তথ্য মন্ত্রণালয়;
- বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের তথ্য হালনাগাদ করে সকল মন্ত্রণালয়ের ওয়েব সাইটে দেখানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়;
- স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি, স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে আলোচনা করে মাঠ পর্যায়ের প্রস্তুতি ও চাহিদা সংক্রান্ত তথ্য সংগ্রহপূর্বক দুর্যোগ মোকাবিলা কার্যক্রমে সহায়তা প্রদান করবে। বাস্তবায়নে: স্থানীয় সরকার বিভাগ;
- প্রতিটি মন্ত্রণালয় ও বিভাগকে স্থানীয় পর্যায়ের প্রতিষ্ঠানের সাথে সমন্বয় বৃদ্ধি করতে হবে এবং প্রত্যেকের ওয়েব সাইটে বন্যার প্রস্তুতি, গৃহীত কার্যক্রম ও অন্যান্য বিষয়ের হালনাগাদ তথ্য প্রকাশ করতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়;
- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে আশ্রয়কেন্দ্র উপযোগী শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে দ্রুত প্রেরণ করতে হবে। বাস্তবায়নে: ১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ২। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ৩। প্রথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়;
- স্বাস্থ্য অধিদপ্তর ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অতি দ্রুত পানি বিশুদ্ধকরণের ট্যাবলেট মজুদসহ স্থানীয় পর্যায়ে এর প্রাপ্যতা নিশ্চিত করতে হবে। বাস্তবায়নে: ১। স্বাস্থ্য সেবা বিভাগ, ২। স্থানীয় সরকার বিভাগ;
- IVR এর ১০৯০ নম্বরের মাধ্যমে দুর্যোগ ও আবহাওয়া সংক্রান্ত বার্তা ও তথ্য সময় সময় হালনাগাদ করতে হবে।



বাস্তবায়নে: ১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ২। প্রতিরক্ষা মন্ত্রণালয়;

- খাদ্য মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকল জরুরি গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের ছুটি বাতিল করতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়;
- আশ্রয়কেন্দ্রের অপ্রতুলতা বিবেচনা করে সাময়িকভাবে বন্যার্তদের মানবিক সহায়তা প্রদানের নিমিত্ত বন্যা কবলিত ১০টি জেলার প্রতিটিতে ৫০০টি করে তাবু প্রেরণ করা হবে। বাস্তবায়নে: দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;
- বিশুদ্ধ পানি সরবরাহের জন্য ১০টি বন্যা কবলিত জেলায় ট্রাক মাউন্টেড ওয়াটার পিউরিফাইয়িং স্থাপন করে নিরাপদ পানি সরবরাহ করতে হবে। বাস্তবায়নে: ১। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ২। স্থানীয় সরকার বিভাগ;
- সমাজকল্যাণ মন্ত্রণালয় বন্যা কবলিত জেলাসমূহের শিশু সদন বন্যা কবলিত হলে শিশু সদনের নিবাসীদের সুরক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। বাস্তবায়নে: সমাজকল্যাণ মন্ত্রণালয়;
- উদ্ধার কার্যক্রম এবং বন্যা কবলিতদের আশ্রয়কেন্দ্রে নিয়ে আসার জন্য প্রয়োজনীয় নৌকা ও জলযান প্রস্তুত রাখতে হবে। জলযান চলাচল সচল রাখার নিমিত্ত কেরোসিনসহ ডিজেলের দাম স্থিতিশীল রাখতে হবে। বাস্তবায়নে: ১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ২। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, ৩। নৌ-পরিবহন মন্ত্রণালয়;
- বন্যা নিয়ন্ত্রণ বাঁধ সুরক্ষার জন্য স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়;
- বন্যার সময় ডাক ও টেলিযোগাযোগ বিভাগকে মোবাইল ও ল্যান্ড টেলিফোন নেটওয়ার্ক সচল রাখার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: ডাক ও টেলিযোগাযোগ বিভাগ;
- খাদ্য গুদামে পর্যাপ্ত খাদ্য মজুদ রাখতে হবে। বন্যার সময়ে সংশ্লিষ্ট বিভাগের কর্মচারীদের ছুটি বাতিল করতে হবে এবং বন্যায় ক্ষতিগ্রস্তদের মধ্যে সরবরাহকৃত ত্রাণ সামগ্রীর ওজন সঠিক রাখতে হবে। বাস্তবায়নে: খাদ্য মন্ত্রণালয়;
- আসন্ন জেলাপ্রশাসক সম্মেলনে অংশগ্রহণকারী জেলাপ্রশাসকদের দায়িত্ব সংশ্লিষ্ট কার্যালয়ের উপযুক্ত কর্মকর্তাকে প্রদান করতে হবে এবং দায়িত্বপ্রাপ্ত জেলাপ্রশাসকগণকে মাঠ পর্যায়ে দুর্যোগ মোকাবিলায় কার্যকর ভূমিকা পালনের নির্দেশনা প্রদান করতে হবে। বাস্তবায়নে: জনপ্রশাসন মন্ত্রণালয়;
- স্থানীয় পর্যায়ে কমিউনিটি রেডিও এর মাধ্যমে বন্যার হালনাগাদ তথ্য, প্রস্তুতি ও সাড়া দান কার্যক্রমসহ সচেতনতামূলক বার্তা প্রচারের ব্যবস্থা করতে হবে। বাস্তবায়নে: ১। তথ্য মন্ত্রণালয়, ২। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;
- বন্যার ক্ষয়ক্ষতি কাটিয়ে উঠতে বিকল্প বীজতলা তৈরির লক্ষ্যে নাবী জাতের ধানের চারা উৎপাদন ও তা কৃষকদের নিকট বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: কৃষি মন্ত্রণালয়;
- জেলা প্রশাসন, উপজেলা প্রশাসনসহ স্থানীয় জনপ্রতিনিধির সমন্বয়ে বন্যা মোকাবিলা কার্যক্রম জোরদার করতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়;
- সড়ক ও মহাসড়ক বিভাগ বন্যার পানিতে ক্ষতিগ্রস্ত রাস্তাসমূহ বন্যা পরবর্তী সময়ে দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। বাস্তবায়নে: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ,
- বন্যা কবলিত এলাকায় রেল, সেতুসমূহ সচল রাখতে হবে এবং ক্ষতিগ্রস্ত হলে দ্রুত মেরামত নিশ্চিত করতে হবে। বাস্তবায়নে: রেলপথ মন্ত্রণালয়;
- স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি নিয়মিত সভা আহ্বান করে বন্যা মোকাবিলায় প্রস্তুতি কার্যক্রম গ্রহণ করবে। বাস্তবায়নে: দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

২। বন্যা কবলিত জেলাসমূহের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ এবং তথ্য আদান-প্রদানের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীগণকে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জাতীয়, দুর্যোগ সাড়া দান সমন্বয় কেন্দ্রে (এনডিআরসিসি) দায়িত্ব প্রদান করা হয়েছে।

৩। এনডিআরসিসি থেকে প্রতিদিন দুপুর ২.০০টা এবং রাত ৮.০০ টায় ২ (দুই) বার দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হয় এবং সংশ্লিষ্ট সকলের মেইলে প্রেরণ করা হয়।

৪। বন্যা সংক্রান্ত তথ্য আদান-প্রদান, সার্বিক সমন্বয় ও তদারকি এবং তাৎক্ষণিক জরুরী পদক্ষেপ গ্রহণের স্বার্থে শুক্রবার ও শনিবারও দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয় ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় খোলা রাখা হয়।

৫। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ডা. এনামুর রহমান, পানি সম্পদ মন্ত্রণালয়ের উপমন্ত্রী জনাব এ কে এম এনামুল হক শামীম ও দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ শাহ্ কামাল ইতিমধ্যে বন্যা কবলিত সুনামগঞ্জ, মৌলভীবাজার, সিলেট, হবিগঞ্জ, টাংগাইল, কুড়িগ্রাম, গাইবান্ধা, বগুড়া, সিরাজগঞ্জ, জামালপুর জেলাসমূহ ভ্রমণ করেছেন। সেখানে তাঁরা জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভায় যোগদান করেছেন এবং সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করাসহ ত্রাণ বিতরণ করেছেন।

৬। বন্যা কবলিত জেলাসমূহে বন্যা মোকাবিলায় পরিচালিত কার্যক্রম তদারকির জন্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিব পর্যায়ের কর্মকর্তাদেরকে জেলায় জেলায় নিয়োজিত করা হয়েছে।

৭। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় জেলা প্রশাসকগণদেরকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন:

- ü আশ্রয়কেন্দ্রে আশ্রয় গ্রহণকারীদের যেন কোন সমস্যা না হয় সেদিকে তদারকি জোড়দার করা।
- ü জনগণের পানি পথে ভ্রমণ বা চলাচলের ক্ষেত্রে অধিকতর সতর্কতা অবলম্বন করার জন্য নিজ নিজ অধিক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- ü পানি বাহিত রোগ থেকে মুক্ত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- ü প্রত্যন্ত অঞ্চলগুলোতে ত্রাণ সামগ্রী দ্রুত পৌঁছানো এবং বন্টন নিশ্চিত করা।
- ü জেলা পর্যায়ে কর্মকর্তাদের দিয়ে মনিটরিং টিম গঠন করে ত্রাণ বিতরণ সুনিশ্চিত করা।
- ü প্রতিটি উপযুক্ত ক্ষতিগ্রস্ত নাগরিক যেন বিধিমোতাবেক দ্রুত মানবিক সহায়তা পায় এবং কেউ যেন মানবিক সহায়তা থেকে বঞ্চিত না হয় (leaving no one behind) বিষয়টি নিশ্চিত করা।
- ü বন্যা আক্রান্ত প্রতিটি ক্ষেত্রে দ্রুত সাড়া (response) প্রদান করা।
- ü মানবিক সহায়তা প্রদানের ক্ষেত্রে বিতরণ স্থলের কমপক্ষে ৫ টি ছবি (হার্ড ও সফট কপি) নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করা।
- ü নিয়মিত দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা এবং প্রেস ব্রিফিং করা।

৮। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক জেলা ভিত্তিক মোট ত্রাণ সামগ্রী বরাদ্দের তথ্যঃ

পাহাড়ী ঢল, অতিবৃষ্টি ও পার্বত্য জেলায় পাহাড় ধসের কারণে এবং প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের মাঝে মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে ২০১৯-২০ অর্থ বছরে নিম্নবর্ণিত ত্রাণ সামগ্রী বরাদ্দ করা হয়েছেঃ

**২০১৯-২০২০ অর্থ বছরে জেলাওয়ারী ত্রাণ বরাদ্দের বিবরণঃ (তারিখঃ ০১/০৭/২০১৯ হতে ২৬/০৭/২০১৯ খ্রিঃ পর্যন্ত)**

ক্র.নং	জেলার নাম	বরাদ্দের তারিখ	ত্রাণ কার্য (চাল) মেঃ টন	ত্রাণ কার্য (নগদ) টাকা	শুকনা খাবার (কার্টুন) (তারিখ/ বরাদ্দ)	তঁাবু (সেট) (তারিখ/ বরাদ্দ)	টেউটিন (বান্ডিল) (তারিখ/ বরাদ্দ)	গৃহ নির্মাণ মঞ্জুরী (টাকা) (তারিখ/ বরাদ্দ)	শিশু খাদ্য ক্রয় বাবদ (টাকা) (তারিখ/ বরাদ্দ)	গো-খাদ্য ক্রয় বাবদ (টাকা) (তারিখ/ বরাদ্দ)
1.	ঢাকা	১ম-০৭/০৭/১৯	২০০	৩০০০০০						
1.	গাজীপুর	১ম-০৩/০৭/১৯ ২য়-০৭/০৭/১৯	৫০ ২০০	২০০০০০ ৩০০০০০						
1.	ময়মনসিংহ	১ম-০৭/০৭/১৯ ২য়-২৫/০৭-১৯	২০০ ২০০	৩০০০০০ ৫০০০০০						
1.	ফরিদপুর	১ম-০৭/০৭/১৯ ২য়-২১/০৭/১৯ ৩য়-২৩/০৭/১৯	২০০ ২০০ ১০০	৩০০০০০ ৫০০০০০ ২০০০০০	(০১/০৭/১৯) - ২০০০					
1.	কিশোরগঞ্জ	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯	২০০ ৩০০	৩০০০০০ ৫০০০০০	(০১/০৭/১৯) - ২০০০					
1.	নেত্রকোনা	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯ ৩য়-১৫/০৭/১৯	২০০ ৩০০ ১০০	৫০০০০০ ৫০০০০০ -----	(০১/০৭/১৯) - ২০০০ (১২/০৭/১৯) - ২০০০	(১৪/০৭/১৯) - ৫০০				

1.	টাংগাইল	১ম-০৭/০৭/১৯ ২য়-১৫/০৭/১৯ ৩য়-১৯/০৭/১৯ ৪র্থ-২০/০৭/১৯	২০০ ২০০ ২০০ ৩০০	৩০০০০০ ----- ৫০০০০০ ১০০০০০০	(১৯/০৭/১৯) - ২০০০ (২৬/০৭/১৯) - ১০০০	(১৯/০৭/১৯) - ৫০০			(২৪/০৭/১৯) - ১০০০০০	(২৪/০৭/১৯) - ১০০০০০
1.	নরসিংদী	১ম-০৭/০৭/১৯	১৫০	২৫০০০০						
1.	মানিকগঞ্জ	১ম-০৭/০৭/১৯ ২য়-১৫/০৭/১৯ ৩য়-২১/০৭/১৯	১৫০ ২০০ ---	২৫০০০০ ----- ১০০০০০০	(০১/০৭/১৯) - ২০০০					
1.	মুন্সিগঞ্জ	১ম-০৭/০৭/১৯ ২য়-২৩/০৭/১৯	১৫০ ১০০	২৫০০০০ ২০০০০০	(২৩/০৭/১৯) - ২০০০					
1.	নারায়নগঞ্জ	১ম-০৭/০৭/১৯	১৫০	২৫০০০০						
1.	গোপালগঞ্জ	১ম-০৭/০৭/১৯	১৫০	২৫০০০০						
1.	জামালপুর	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯ ৩য়-১৫/০৭/১৯ ৪র্থ-১৭/০৭/১৯ ৫ম-১৯/০৭/১৯ ৬ষ্ঠ-২১/০৭/১৯ ৭ম-২২/০৭/১৯ ৮ম-২৩/০৭/১৯ ৯ম-২৪/০৭/১৯ ১০ম-২৫/০৭/১৯ ১১ম-২৬/০৭/১৯	১৫০ ৩০০ ২০০ ২০০ ২০০ ৩০০ ২০০ ২০০ ২০০ ৩০০ --	২৫০০০০ ৫০০০০০ ২০০০০০ ৫০০০০০ ৫০০০০০ ৩০০০০০ ৫০০০০০ ৫০০০০০ ----- ১০০০০০০ ১০৫০০০০ (নৌকা)	(০১/০৭/১৯) - ২০০০ (১৮/০৭/১৯) - ২০০০ (২৬/০৭/১৯) - ২০০০	(১৪/০৭/১৯) - ৫০০	২৬/০৭/১৯- ৫০০	(২৬/০৭/১৯) - ১৫০০০০০	(২৪/০৭/১৯) - ২০০০০০	(২৪/০৭/১৯) - ২০০০০০ (২৬/০৭/১৯)- ২০০০০০
1.	শরীয়তপুর	১ম-০৭/০৭/১৯ ২য় ২০/০৭/১৯	১৫০ ২০০	২৫০০০০ ৫০০০০০	(০১/০৭/১৯) - ২০০০		২০/০৭/১৯- ২০০	২০/০৭/১৯ - ৬০০০০০/-		
1.	রাজবাড়ী	১ম-০৭/০৭/১৯	১৫০	২৫০০০০	(০১/০৭/১৯) - ২০০০					
1.	শেরপুর	১ম-০৭/০৭/১৯ ২য়-১৫/০৭/১৯	১৫০ ১০০	২৫০০০০ -----						
1.	মাদারীপুর	১ম-০৭/০৭/১৯ ২য়-২৩/০৭/১৯	১০০ ২০০	২০০০০০ ৫০০০০০	(০১/০৭/১৯) - ২০০০ (২৩/০৭/১৯) - ২০০০					
1.	চট্টগ্রাম	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯ ৩য়-১৫/০৭/১৯	২০০ ৩০০ ৪০০	৩০০০০০ ১০০০০০০ ৫০০০০০০	(১২/০৭/১৯) - ২০০০	(১৪/০৭/১৯) - ৫০০	(১৬/০৭/১৯) - ১০০	(১৬/০৭/১৯) - ৩০০০০০০		
1.	কক্সবাজার	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯ ৩য়-১৫/০৭/১৯	২০০ ৩০০ ২০০	৩০০০০০ ৫০০০০০ -----	(০১/০৭/১৯) - ২০০০ (১২/০৭/১৯) - ২০০০	(১৪/০৭/১৯) - ৫০০				
1.	রাংগামাটি	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯ ৩য়-১৫/০৭/১৯	২০০ ৩০০ ২০০	৩০০০০০ ৫০০০০০ ২০০০০০	(০১/০৭/১৯) - ২০০০	(১৪/০৭/১৯) - ৫০০				
1.	খাগড়াছড়ি	১ম-০৭/০৭/১৯ ২য়-১৫/০৭/১৯	২০০ ১০০	৩০০০০০ -----						
1.	কুমিল্লা	১ম-০৭/০৭/১৯	২০০	৩০০০০০						
1.	ব্রাহ্মণবাড়িয়া	১ম-০৭/০৭/১৯ ২য়-১৫/০৭/১৯	২০০ ২০০	৩০০০০০			(১৬/০৭/১৯) - ২০০	(১৬/০৭/১৯) - ৬০০০০০		
1.	চাঁদপুর	১ম-০৭/০৭/১৯	২০০	৩০০০০০	(০১/০৭/১৯) - ২০০০		(১৬/০৭/১৯) - ৫০০	(১৬/০৭/১৯) - ১৫০০০০০		
1.	নোয়াখালী	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯	২০০ ৩০০	৩০০০০০ ৫০০০০০	(০১/০৭/১৯) - ২০০০					
1.	ফেনী	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯	১৫০ ৩০০	২৫০০০০ ৫০০০০০	(০১/০৭/১৯) - ২০০০ (১২/০৭/১৯) - ২০০০					
1.	লক্ষ্মীপুর	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯	১৫০ ৩০০	২৫০০০০ ৫০০০০০						

1.	বান্দরবান	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯	১৫০ ৩০০	২৫০০০০ ৫০০০০০	(১২/০৭/১৯) - ২০০০	(১৪/০৭/১৯) - ৫০০				
1.	রাজশাহী	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯	২০০ ৩০০	৩০০০০০ ৫০০০০০	(০১/০৭/১৯) - ২০০০					
1.	নওগাঁ	১ম-০৭/০৭/১৯	২০০	৩০০০০০	(০১/০৭/১৯) - ২০০০					
1.	পাবনা	১ম-০৭/০৭/১৯	২০০	৩০০০০০	(০১/০৭/১৯) - ২০০০					
1.	সিরাজগঞ্জ	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯ ৩য়-১৫/০৭/১৯ ৪র্থ-২২/০৭/১৯	২০০ ৩০০ ২০০ ২০০	৩০০০০০ ৫০০০০০ ----- ৫০০০০০	(০১/০৭/১৯) - ২০০০ (১৭/০৭/১৯) - ১০০০ (২০/০৭/১৯) - ১০০০	(১৪/০৭/১৯) - ৫০০		(২৪/০৭/১৯) - ১০০০০০	(২৪/০৭/১৯) - ১০০০০০	
1.	বগুড়া	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯ ৩য়-১৫/০৭/১৯ ৪র্থ-২০/০৭/১৯ ৫ম-২২/০৭/১৯	২০০ ৩০০ ১০০ ২০০ ২০০	৩০০০০০ ৫০০০০০ ২০০০০০ ২০০০০০ ৫০০০০০	(০১/০৭/১৯) - ২০০০ (২০/০৭/১৯) - ১০০০	(১৪/০৭/১৯) - ৫০০	(২২/০৭/১৯) - ৩০০	(২২/০৭/১৯) - ৯,০০,০০০	(২৪/০৭/১৯) - ১০০০০০	(২৪/০৭/১৯) - ১০০০০০
1.	নাটোর	১ম-০৭/০৭/১৯	১৫০	২৫০০০০	(০১/০৭/১৯) - ২০০০					
1.	চাঁপাইনবাবগঞ্জ	১ম-০৭/০৭/১৯	১৫০	২৫০০০০						
1.	জয়পুরহাট	১ম-০৭/০৭/১৯	১৫০	২৫০০০০						
1.	রংপুর	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯ ৩য়-২০/০৭/১৯	২০০ ৩০০ ২০০	৩০০০০০ ৫০০০০০ ৫০০০০০	(১৬/০৭/১৯) - ১০০০ (২০/০৭/১৯) - ১০০০	(১৪/০৭/১৯) - ৫০০	(২৫/০৭/১৯) - ২০০	(২৫/০৭/১৯) - ৬০০০০০		
1.	দিনাজপুর	১ম-০৭/০৭/১৯	২০০	৩০০০০০						
1.	কুড়িগ্রাম	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯ ৩য়-১৫/০৭/১৯ ৪র্থ-১৭/০৭/১৯ ৫ম-২৩/০৭/১৯ ৬ষ্ঠ-২৫/০৭/১৯	২০০ ৩০০ ৩০০ ২০০ ২০০ ৫০০	৩০০০০০ ৫০০০০০ ২০০০০০ ৫০০০০০ ৫০০০০০ ১০০০০০০	(০১/০৭/১৯) - ২০০০ (১৭/০৭/১৯) - ১০০০ (১৯/০৭/১৯) - ৩০০০ (২১/০৭/১৯) - ১০০০ (২৩/০৭/১৯) - ২০০০ (২৫/০৭/১৯) - ২০০০	(১৪/০৭/১৯) - ৫০০ (২৩/০৭/১৯) - ৫০০	(২৫/০৭/১৯) - ৪০০	(২৫/০৭/১৯) - ১২০০০০০	(২৪/০৭/১৯) - ২০০০০০	(২৪/০৭/১৯) - ২০০০০০ (২৬/০৭/১৯) - ২০০০০০
1.	ঠাকুরগাঁও	১ম-০৭/০৭/১৯	১৫০	২৫০০০০	(০১/০৭/১৯) - ২০০০					
1.	পঞ্চগড়	১ম-০৭/০৭/১৯ ২য়-১৫/০৭/১৯	১৫০ ২০০	২৫০০০০ -----	(০১/০৭/১৯) - ২০০০		(১৬/০৭/১৯) - ২০০	(১৬/০৭/১৯) - ৬০০০০০		
1.	নীলফামারী	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯ ৩য়-১৫/০৭/১৯	১৫০ ৩০০ ১০০	২৫০০০০ ৫০০০০০ -----	(০১/০৭/১৯) - ২০০০ (১২/০৭/১৯) - ২০০০	(১৪/০৭/১৯) - ৫০০		(২৪/০৭/১৯) - ১০০০০০	(২৪/০৭/১৯) - ১০০০০০	
1.	গাইবান্ধা	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯ ৩য়-১৫/০৭/১৯ ৪র্থ-১৮/০৭/১৯ ৫ম-১৯/০৭/১৯ ৬ষ্ঠ-২৩/০৭/১৯ ৭ম-২৬/০৭/১৯	১৫০ ৩০০ ৩০০ ২০০ ২০০ ২০০ ২০০	২৫০০০০ ৫০০০০০ ৩০০০০০ ৫০০০০০ ৫০০০০০ ৫০০০০০ ৫০০০০০	(০১/০৭/১৯) - ২০০০ (১২/০৭/১৯) - ২০০০ (১৭/০৭/১৯) - ১০০০ (১৮/০৭/১৯) - ১০০০	(১৪/০৭/১৯) - ৫০০ - ৫০০	(১৯/০৭/১৯) - ৫০০	(১৯/০৭/১৯) - ১৫০০০০০	(২৪/০৭/১৯) - ২০০০০০	(২৪/০৭/১৯) - ২০০০০০ (২৬/০৭/১৯) - ২০০০০০

1.	লালমনিরহাট	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯ ৩য়-১৫/০৭/১৯ ৪র্থ	১৫০ ৩০০ ২০০	২৫০০০০ ৫০০০০০ ২০০০০০	(০১/০৭/১৯) - ২০০০ (১২/০৭/১৯) - ২০০০ (১৭/০৭/১৯) - ১০০০ (২১/০৭/১৯) - ১০০০	(১৪/০৭/১৯) - ৫০০			(২৪/০৭/১৯) - ১০০০০০	(২৪/০৭/১৯) - ১০০০০০
1.	খুলনা	১ম-০৭/০৭/১৯	২০০	৩০০০০০						
1.	বাগেরহাট	১ম-০৭/০৭/১৯	২০০	৩০০০০০						
1.	যশোর	১ম-০৭/০৭/১৯	২০০	৩০০০০০						
1.	কুষ্টিয়া	১ম-০৭/০৭/১৯	২০০	৩০০০০০						
1.	সাতক্ষীরা	১ম-০৭/০৭/১৯	১৫০	২৫০০০০						
1.	বিনাইদহ	১ম-০৭/০৭/১৯	১৫০	২৫০০০০						
1.	মাগুরা	১ম-০৭/০৭/১৯	১০০	২০০০০০						
1.	নড়াইল	১ম-০৭/০৭/১৯	১০০	২০০০০০						
1.	মেহেরপুর	১ম-০৭/০৭/১৯	১০০	২০০০০০			(১৫/০৭/১৯) - ৬০০	(১৫/০৭/১৯) - ১৮০০০০০		
1.	চুয়াডাঙ্গা	১ম-০৭/০৭/১৯	১০০	২০০০০০						
1.	বরিশাল	১ম-০৭/০৭/১৯	২০০	৩০০০০০	(০১/০৭/১৯) - ২০০০					
1.	পটুয়াখালী	১ম-০৭/০৭/১৯	২০০	৩০০০০০						
1.	পিরোজপুর	১ম-০৭/০৭/১৯	১৫০	২৫০০০০						
1.	ভোলা	১ম-০৭/০৭/১৯	১৫০	২৫০০০০						
1.	বরগুনা	১ম-০৭/০৭/১৯	১৫০	২৫০০০০						
1.	ঝালকাঠি	১ম-০৭/০৭/১৯	১০০	২০০০০০						
1.	সিলেট	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯ ৩য়-১৫/০৭/১৯ ৪র্থ-২৬/০৭/১৯	২০০ ৩০০ ১০০ ----- -----	৩০০০০০ ৫০০০০০ ----- ৫০০০০০	(১২/০৭/১৯) - ২০০০ (১৬/০৭/১৯) - ১০০০	(১৪/০৭/১৯) - ৫০০			(২৪/০৭/১৯) - ১০০০০০	(২৪/০৭/১৯) - ১০০০০০
1.	হবিগঞ্জ	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯	২০০ ৩০০	৩০০০০০ ৫০০০০০	(১৬/০৭/১৯) - ১০০০				(২৪/০৭/১৯) - ১০০০০০	(২৪/০৭/১৯) - ১০০০০০
1.	সুনামগঞ্জ	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯ ৩য়-১৫/০৭/১৯ ৪র্থ ১৭/০৭/১৯	২০০ ৩০০ ২০০ ২০০	৩০০০০০ ১০০০০০০ ২০০০০০ ৫০০০০০	(০১/০৭/১৯) - ৫০০০ (১২/০৭/১৯) - ২০০০ (১৬/০৭/১৯) - ২০০০	(১৪/০৭/১৯) - ৫০০			(২৪/০৭/১৯) - ২০০০০০	(২৪/০৭/১৯) - ২০০০০০
1.	মৌলভীবাজার	১ম-০৭/০৭/১৯ ২য়-১১/০৭/১৯ ৩য়-১৫/০৭/১৯ ৪র্থ ১৭/০৭/১৯	১৫০ ৩০০ ২০০ ২০০	২৫০০০০ ৫০০০০০ ২০০০০০ .....	(০১/০৭/১৯) - ২০০০ (১৬/০৭/১৯) - ১০০০				(২৪/০৭/১৯) - ১০০০০০	(২৪/০৭/১৯) - ১০০০০০
		মোট=	২৭,৩৫০ মেঃ টন	৪,৭১,৫০,০০০/- টাকা	১,১৩,০০০ কার্টুন	৮,৫০০ সেট তাঁবু	৩,৭০০ বান্ডিল	১,১১,০০,০০০/- টাকা	১৬,০০,০০০/- টাকা	২২,০০,০০০/- টাকা

অগ্নিকান্ডঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নিয়ন্ত্রণ কক্ষ থেকে ডিউটি অফিসার টেলিফোনে জানান যে, আজ দেশের কোন জায়গা থেকে উল্লেখযোগ্য কোন অগ্নিকান্ডের খবর পাওয়া যায়নি।

২। ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।



২৭-৭-২০১৯

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১  
এনডিআরসিসি অধিশাখা  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)  
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১  
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬  
ইমেইল: controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২০৫/১(৬৫)

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৬  
২৭ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) পরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৩) পরিচালক, ত্রাণ অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৪) উপপরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৬) প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৭) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা



২৭-৭-২০১৯

মোহাম্মদ হাফিজুর রহমান  
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)